শর্তে ক্ষমা পেলেন গাংনীর ষোলটাকা ইউপি চেয়ারম্যান পাশা

দলীয় সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা পেলেন মেহেরপুরের গাংনীর ষোলটাকা ইউপি চেয়ারম্যান ও ষোলটাকা ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আনোয়ার হোসেন পাশা।

আজ বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) বাংলাদেশ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত পত্রে তাকে ক্ষমা প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা হয়।

গত স্থানীয় ইউনিয়ন পরিষদ নির্বাচনের সময় আওয়ামীলীগের দলীয় প্রার্থীকে সমর্থন না জানিয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে আনোয়ার হোসেন পাশা নির্বাচনে অংশ নেন এবং বিপুল ভোটে জয়লাভ করেন। স্থানীয় আওয়ামীলীগের সু-পারিশে তাকে দল থেকে বহিষ্কার করা হয়।

এমতাবস্থায় গত ১৭ ডিসেম্বর ২২ইং তারিখে গণভবনে অনুষ্ঠিত আওয়ামীলীগের জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ি সংগঠনের গঠনতন্ত্রের ১৭(৬) এবং ৪৭(২) ধারা মোতাবেক দলের কার্যনির্বাহী সংসদের নিকট ক্ষমা প্রার্থনার আবেদন করেন আনোয়ার হোসেন পাশা। বিষয়টি পর্যালোচনা শেষে দলীয় সংগঠনের স্বার্থ পরিপন্থী কার্যক্রম সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ না করার শর্তে ক্ষমা প্রদর্শন করা হয়।